

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ২৭, ১৯৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

পার-২ শাখা

আদেশ

তারিখ, ২৭শে ডিসেম্বর ১৯৯৮ ইং/১৩ই পৌষ ১৪০৫ বাং

এস. আর. ও, নং ২৯৩-আইন/৯৮—Services (Reorganisation and Conditions) Act, 1975 (XXXII of 1975)-এর Section 4-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারী করিলেন:—

১। সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তনা।—(১) এই আদেশ স্বাস্থ্য অধিদপ্তর এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের থানা ও উহার নিম্ন পর্যায়ের চাকুরী সাংগঠনিক কাঠামো ও ব্যবস্থাপনা একীভূতকরণ আদেশ, ১৯৯৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা সরকারী গেজেটে প্রকাশের তারিখে কার্যকর হইবে।

২। একীভূত কাঠামো গঠন।—এই আদেশের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, সরকার, আদেশ স্বারা, স্বাস্থ্য অধিদপ্তর এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের থানা ও উহার নিম্ন পর্যায়ের চাকুরী সাংগঠনিক কাঠামো পুনর্বিन্যাসক্রমে একীভূত চাকুরী সাংগঠনিক কাঠামো গঠন করিতে পারিবে।

৩। একীভূত ব্যবস্থাপনা।—এই আদেশের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, সরকার স্বাস্থ্য অধিদপ্তর এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের থানা ও উহার নিম্ন পর্যায়ের কার্যাবলী পর্যালোচনাক্রমে উহাদের একীভূত ব্যবস্থাপনার আদেশ জারী করিতে পারিবে।

(১০০৬৯)

স্থান : ঢাকা ১-০০

৪। শর্তাবলী।—একীভূত কাঠামো ও কার্যাবলী ব্যবস্থাপনার ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী প্রযোজ্য হইবে, যথা:—

- (ক) স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার-পরিরক্ষণা অধিদপ্তরের ধানা ও উহার নিম্ন পর্যায়ের অনুমোদিত সকল পদ, উপ-অনুচ্ছেদ (গ) এর বিধানাবলী সাপেক্ষে, একীভূত কাঠামোতে অন্তর্ভুক্ত থাকিবে;
- (খ) একীভূতকরণের কারণে ধানা ও উহার নিম্ন পর্যায়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বিদ্যমান বেতন ভাতা ও অন্যান্য আইনগত সুবিধাদি হ্রাস বা সংকুচিত করা হইবে না;
- (গ) সরকার, একীভূত কাঠামোভুক্ত ধানা ও উহার নিম্ন পর্যায়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণকে তাহাদের যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয় বিবেচনাক্রমে ধানার বাহিরে যথাযথ পদে, নিয়োগ বা বদলি করিতে পারিবে; এবং
- (ঘ) এই আদেশ পূর্নাংগরূপে বাস্তবায়নের উদ্দেশ্যে সরকার, সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের তদারকি, সুযোগ-সুবিধা ইত্যাদি বিষয় বিশদভাবে পর্যালোচনাক্রমে, প্রয়োজনীয় আদেশ জারী করিতে পারিবে।

৫। বেতন-ভাতা ও অন্যান্য আর্থিক সুবিধাদির খাত।—বর্তমানে অনুমোদিত খাত হইতে একীভূত কাঠামোতে অন্তর্ভুক্ত কর্মকর্তা ও কর্মচারীগণ বেতন-ভাতা ও অন্যান্য আর্থিক সুবিধাদি গ্রহণ করিবেন; তবে সরকার উক্ত খাত পরিবর্তন বা একীভূত করিয়া আদেশ জারী করিতে পারিবে।

৬। ব্যাখ্যা প্রদান ইত্যাদি।—এই আদেশ পূর্নাংগরূপে বাস্তবায়ন না হওয়া পর্যন্ত ইহাতে উল্লিখিত কোন বিষয়ে অথবা এই আদেশে উল্লিখিত হয় নাই এমন কোন বিষয়ে ব্যাখ্যার প্রয়োজন হইলে সরকার, আদেশ দ্বারা, উক্ত ব্যাখ্যা প্রদান করিতে পারিবে।

৭। সংজ্ঞা।—এই আদেশে, 'একীভূত কাঠামো' বলিতে স্বাস্থ্য অধিদপ্তর এবং পরিবার পরিরক্ষণা অধিদপ্তরের ধানা ও উহার নিম্ন পর্যায়ের চাকুরীর একীভূত সাংগঠনিক কাঠামো বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম. এম. রেজা

সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়,
ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস
তেজগাঁও ঢাকা কর্তৃক প্রকাশিত।